**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**
**প্রশাসন-২ অধিশাখা**
**www.mocat.gov.bd**

বিষয়: ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংশ্লিষ্ট নৈতিকতা কমিটির প্রথম সভার কার্য-বিবরণী।

সভাপতি : এস.এম. গোলাম ফারুক, সচিব

সভার তারিখ : ১২.০৭.২০১৭ খ্রি:

সময় : বেলা ১১.০০ টা

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট-ক-এ সন্নিবেশিত।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো অনুমোদনের লক্ষ্যে 'নৈতিকতা কমিটি'র প্রথম সভা ১২.০৭.২০১৭ তারিখ বেলা ১১.০০ টায় এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

০২। সভাপতির অনুমতিক্রমে এ মন্ত্রণালয়ের ফোকাল পয়েন্ট ও যুগ্মসচিব (প্রশাসন-২) জনাব জামাল আবদুল নাসের মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার খসড়া প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। বাংলাদেশ পর্যটন করপোরেশনের চেয়ারম্যান,বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী পরিচালক, হোটেলস ইন্টারন্যাশনাল লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক ও সংশ্লিষ্ট সংস্থার ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ উপস্থাপিত খসড়ার উপর বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে অনুচ্ছেদ ১.২ ও ৫.৬ এর লক্ষ্যমাত্রা ১০০%, অনুচ্ছেদ ১.৩ ও ৭.৬ এর লক্ষ্যমাত্রা ৩০.৯.২০১৭ এবং অনুচ্ছেদ ৭.৭ এর লক্ষ্যমাত্রা ৩১.১২.২০১৭ তারিখ নির্ধারণ এবং অনুচ্ছেদ ৭.১ এর লক্ষ্যমাত্রা সর্বোচ্চ ৩০ দিন ও অনুচ্ছেদ ৭.২ এর লক্ষ্যমাত্রা ৭ দিন নির্ধারণ করার বিষয়ে সকল কর্মকর্তা একমত পোষণ করেন।

০৩। অত:পর এ মন্ত্রণালয়ের অধীন সংস্থাসমূহের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বিভিন্ন অনুচ্ছেদ পর্যালোচনা করে প্রয়োজনীয় সংশোধন/সংযোজন করার বিষয়ে যুগ্মসচিব (প্রশাসন-২) জনাব জামাল আবদুল নাসের সংস্থা প্রধানদের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণ স্ব স্ব সংস্থার ২০১৭-১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রয়োজনীয় সংশোধন/ সংযোজন করে অনতিবিলম্বে মন্ত্রণালয়ে প্রেরণসহ ওয়েব সাইটে আপলোড করার বিষয়ে সম্মতি জ্ঞাপন করেন। এছাড়া অনলাইন সেবা চালু, উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন ও সেবা পদ্ধতি সহজীকরণের বিষয়ে প্রতিটি সংস্থাকে ৫টি করে প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৭-২০১৮ এর লক্ষ্য অর্জনে সচেষ্ট থাকার জন্য সকল সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের সকল কর্মকর্তাকে সভাপতি অনুরোধ জানান।

০৪। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

(১) এ মন্ত্রণালয়ের ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা অনুমোদন করা হয় যা নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে এবং মন্ত্রণালয়ের ওয়েব সাইটে আপলোড করতে হবে।

(২) স্ব স্ব সংস্থা কর্তৃক প্রণীত ২০১৭-২০১৮ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা প্রস্তাবিত সংশোধনপূর্বক মন্ত্রণালয়ে প্রেরণসহ নির্ধারিত সময়ে স্ব স্ব সংস্থার ওয়েব সাইটে আপলোড করতে হবে।

(৩) অনলাইন সেবা চালু, উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন ও সেবা পদ্ধতি সহজীকরণের বিষয়ে স্ব স্ব সংস্থা ন্যূনতম ৫টি করে প্রস্তাব জরুরীভিত্তিতে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

০৫। সভায় অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৩.০৭.১৭

(এস.এম. গোলাম ফারুক)
সচিব

নং- ৩০.০০.০০০০.০১১.০৬.০০২.১৭-৬৫১(৬) তারিখঃ ১৩ জুলাই ২০১৭/ ২৯ আষাঢ় ১৪২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। চেয়রম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন, ৮৩-৮৮, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
২। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা।
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, রূপসী বাংলা হোটেল, ১, মিন্টো রোড, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড, বলাকা ভবন, কুর্মিটোলা, ঢাকা
৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ সার্ভিসেস্ লিমিটেড, রূপসী বাংলা হোটেল, ১নং মিন্টো রোড, ঢাকা
৬। ব্যবস্থাপনা পরিচালক, হোটেলস্ ইন্টারন্যাশনাল লিমিটেড, প্যানপ্যাসিফিক সোনারগাঁও হোটেল, কাওরান বাজার, ঢাকা

১৩.৭.১৭
(জামাল আবদুল নাসের)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪০৯৩৯
admin2@mocat.gov.bd
coordinationgov@gmail.com

নং- ৩০.০০.০০০০.০১১.০৬.০০২.১৭-৫৫১/১(৪) তারিখঃ ১৩ জুলাই ২০১৭/ ২৯ আষাঢ় ১৪২৪

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব (যুগ্মসচিব), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব (উপ সচিব), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশা: ও পর্য:/বিমান ও সিএ/প্রশাসন/পর্যটন) এঁর ব্যক্তিগত কর্মকর্তা, এ মন্ত্রণালয়,ঢাকা।
৪। নিয়ন্ত্রক (অতি: সচিব),হোটেল ও রেস্তোরাঁ সেল এঁর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়,ঢাকা।

১৩.৭.১৭
(জামাল আবদুল নাসের)
যুগ্মসচিব

মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো, ২০১৭-২০১৮

**মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার নাম: বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়**

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তিবছর ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৭-২০১৮ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭-সেপ্টে/১৭ | ২য় কোয়ার্টার অক্টো/১৭-ডিসে/১৭ | ৩য় কোয়ার্টার জানু/১৮-মার্চ/১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮-জুন/১৮ | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ |
| **১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা** | | | | | | | | | | | |
| ১.১ নৈতিকতা কমিটির সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ৪ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | বাস্তবায়িত সিদ্ধান্তের হার | % | সংস্থা/ অধিশাখা/ শাখা | - | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১.৩ মন্ত্রণালয়/বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অন্তরায় চিহ্নিতকরণ | চিহ্নিত অন্তরায়সমূহ | তারিখ | ফোকাল পয়েন্ট | - | ৩০.৯.১৭ | লক্ষ্যমাত্রা | ৩০.৯.১৭ | - | - | - | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১.৪ অংশীজনের (stakeholder) অংশগ্রহণে সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ২ | ২ | লক্ষ্যমাত্রা | | ১ | | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **২. সচেতনতা বৃদ্ধি** | | | | | | | | | | | |
| ২.১ সচেতনতা বৃদ্ধিমূলক সভা | অনুষ্ঠিত সভা | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ৬ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ২.২ জাতীয় শুদ্ধাচার কৌশল সংক্রান্ত প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ৫৬ | ৫০ | লক্ষ্যমাত্রা | | ২৫ | | ২৫ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **৩.আইন/বিধি/নীতিমালা প্রণয়ন ও সংস্কার** | | | | | | | | | | | |
| ৩.১ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের নিয়োগবিধিমালা ও সাংগঠনিক কাঠামো প্রণয়ন | নিয়োগবিধিমালা ও সাংগঠনিক কাঠামো প্রণীত | তারিখ | সিএ-১ অধিশাখা | খসড়া নিয়োগবিধিমালা ও খসড়া সাংগঠনিক কাঠামো প্রণয়নের পর স্কেল ভেটিং এর জন্য অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে | ৩০.৬.১৮ | লক্ষ্যমাত্রা | | | | ৩০.৬.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |

চলমান পাতা-২

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তিবছর ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৭-২০১৮ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭- সেপ্টে/১৭ | ২য় কোয়ার্টার অক্টো/১৭- ডিসে/১৭ | ৩য় কোয়ার্টার জানু/১৮- মার্চ/১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮- জুন/১৮ | |
| ৩.২ বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেড এর কর্মচারী প্রবিধানমালা সংশোধন | প্রবিধানমালা | তারিখ | বিমান অধিশাখা | কর্মচারী প্রবিধানমালার খসড়া প্রস্তুত করে বিমান বোর্ড সাব-কমিটিতে উত্থাপন করা হয়েছে | ৩০.৬.১৮ | লক্ষ্যমাত্রা | | | | ৩০.৬.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৩.৩ বাংলাদেশ পর্যটন করপোরেশন এর সাংগঠনিক কাঠামো ও অফিস সরঞ্জাম (TO&E) হালনাগাদকরণ | সাংগঠনিক কাঠামো ও অফিস সরঞ্জাম (TO&E) হালনাগাদকরণ | তারিখ | পর্যটন-১ শাখা | সাংগঠনিক কাঠামো ও অফিস সরঞ্জামাদি (TO&E) অনুমোদনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে | ৩০.৬.১৮ | লক্ষ্যমাত্রা | | | | ৩০.৬.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **৪. শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান** | | | | | | | | | | | |
| ৪.১ 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭'-এর বিধানানুসারে শুদ্ধাচার পুরস্কার প্রদান | প্রদত্ত পুরস্কার | সংখ্যা | প্রশাসন অনুবিভাগ | - | ৩ | লক্ষ্যমাত্রা | | | | ৩ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **৫. ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ** | | | | | | | | | | | |
| ৫.১ অনলাইন রেসপন্স সিস্টেমের ব্যবহার | ই-মেইল/এসএমএস-এর মাধ্যমে নিষ্পত্তিকৃত বিষয় | % | আইসিটি সেল/সকল অধিশাখা /শাখা | - | ৫০% | লক্ষ্যমাত্রা | ৫০% | ৫০% | ৫০% | ৫০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৫.২ বিভিন্ন মাধ্যম (সামাজিক যোগাযোগ মাধ্যম) ব্যবহার করে অনলাইন কনফারেন্স আয়োজন | অনুষ্ঠিত অনলাইন কনফারেন্স | সংখ্যা | আইসিটি সেল/সকল অধিশাখা/ শাখা | ৩ | ৩ | লক্ষ্যমাত্রা | | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৫.৩ মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পত্তিকৃত | % | আইসিটি সেল | চালুকৃত | ৪০% | লক্ষ্যমাত্রা | ৪০% | ৪০% | ৪০% | ৪০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৫.৪ দাপ্তরিক কাজে ইউনিকোড ব্যবহার | ইউনিকোড ব্যবহার করে দাপ্তরিক কার্য সম্পাদন | % | সকল অধিশাখা /শাখা | চালুকৃত | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | - | - | - | |
| | | | | | | প্রকৃত অর্জন | চালুকৃত | | | | |

চলমান পাতা-৩

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তিবছর ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৭-২০১৮ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭-সেপ্টে/১৭ | ২য় কোয়ার্টার অক্টো/১৭-ডিসে/১৭ | ৩য় কোয়ার্টার জানু/১৮-মার্চ/১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮-জুন/১৮ | |
| ৫.৫ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | আইসিটি সেল/প্রশাসন-১ /বাজেট অধিশাখা | ট্রাভেল এজেন্সি অনলাইন নিবন্ধন প্রক্রিয়াধীন | ৩০.৬.১৮ | লক্ষ্যমাত্রা | | | - | ৩০.৬.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৫.৬ ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পাদন | ই-টেন্ডারে সম্পাদিত ক্রয় কার্য | % | প্রশাসন-১/বাজেট অধিশাখা | চালুকৃত | ১০০% | লক্ষ্যমাত্রা | ১০০% | ১০০% | ১০০% | ১০০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৫.৭ দাপ্তরিক কাজে সোশ্যাল মিডিয়া ব্যবহার | দাপ্তরিক সোশ্যাল মিডিয়া পেজ চালু | তারিখ | আইসিটি সেল | চালুকৃত ২১.৭.১৪ | - | লক্ষ্যমাত্রা | | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | চালুকৃত | | | | |
| **৬. উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ** | | | | | | | | | | | |
| ৬.১ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা ২০১৭-১৮ প্রণয়ন | উদ্ভাবনী কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | প্রশাসন অনুবিভাগ | ২৫.৪.১৭ | - | লক্ষ্যমাত্রা | | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | প্রণীত | | | | |
| ৬.২ মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা অনুযায়ী কমপক্ষে দুটি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন | বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা | তারিখ | প্রশাসন অনুবিভাগ | - | ৩০.৬.১৮ | লক্ষ্যমাত্রা | | | - | ৩০.৬.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৬.৩ মন্ত্রণালয়/বিভাগের কমপক্ষে একটি করে সেবা পদ্ধতি সহজীকরণের উদ্যোগ গ্রহণ | সেবা পদ্ধতি সহজীকরণকৃত | তারিখ | প্রশাসন ও পর্যটন অনুবিভাগ | ট্রাভেল এজেন্সি অনলাইন নিবন্ধন প্রক্রিয়াধীন | ৩০.৬.১৮ | লক্ষ্যমাত্রা | | | | ৩০.৬.১৮ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **৭. জবাবদিহি শক্তিশালীকরণ** | | | | | | | | | | | |
| ৭.১ দ্রুততম সময়ে অভিযোগ নিষ্পত্তি | অভিযোগ নিষ্পত্তিকৃত | দিন | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা | - | প্রাপ্তি সাপেক্ষে সর্বোচ্চ ৩০দিন | লক্ষ্যমাত্রা | ৩০ | ৩০ | ৩০ | ৩০ | প্রাপ্তি সাপেক্ষে |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.২ অভিযোগ নিষ্পত্তি করে সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিতকরণ | নিষ্পত্তিকৃত অভিযোগ অবহিতকরণ | দিন | অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা | - | ৭ দিন | লক্ষ্যমাত্রা | ৭ | ৭ | ৭ | ৭ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৩ অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ম্যানুয়েল ২০০৫ এর বিধান অনুযায়ী গঠিত অডিট কমিটির সভা আয়োজন | আয়োজিত সভা | সংখ্যা | বাজেট অধি:/ প্রশাসন-১ অধি:শাখা | - | ২ | লক্ষ্যমাত্রা | | ১ | - | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |

চলমান পাতা-৪

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তিবছর ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৭-২০১৮ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭ - সেপ্টে/১৭ | ২য় কোয়ার্টার অক্টো/১৭- ডিসে/১৭ | ৩য় কোয়ার্টার জানু/১৮- মার্চ/১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮- জুন/১৮ | |
| ৭.৪ অডিট আপত্তি নিষ্পত্তিকরণ | নিষ্পত্তিকৃত অডিট আপত্তি | % | বিমান/ সিএ-১/পর্য-১ অধিশাখা/ শাখা | - | ৫০% | লক্ষ্যমাত্রা | ২০% | ৩০% | ৪০% | ৫০% | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৫ দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত কার্যক্রম (যেমন: ইলেক্ট্রনিক উপস্থিতি, গণশুনানী, ইত্যাদি) গ্রহণ | গৃহীত কার্যক্রম | সংখ্যা | প্রশাসন অনুবিভাগ | - | ২ | লক্ষ্যমাত্রা | | | | ২ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৬ মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের দুর্নীতির ক্ষেত্রসমূহ (Grey Area) চিহ্নিতকরণ | চিহ্নিত ক্ষেত্রসমূহ | তারিখ | ফোকাল পয়েন্ট | - | ৩০/৯/১৭ | লক্ষ্যমাত্রা | ৩০/৯/১৭ | | | - | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ৭.৭ তথ্য অধিকার আইনের আওতায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ | অনলাইন প্রশিক্ষণে সনদ প্রাপ্ত | তারিখ | প্রশাসন-২ অধিশাখা | - | ৩১/১২/১৭ | লক্ষ্যমাত্রা | | ৩১/১২/১৭ | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **৮. জাতীয় শুদ্ধাচার কৌশলে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের কার্যক্রম (প্রযোজ্য ক্ষেত্রে)** | | | | | | | | | | | |
| এ মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য নয় | | | | | | লক্ষ্যমাত্রা | | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **৯. মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের নৈতিকতা কমিটি কর্তৃক নির্ধারিত শুদ্ধাচার সংশ্লিষ্ট অন্যান্য কার্যক্রম** | | | | | | | | | | | |
| ৯.১ মন্ত্রণালয়ের কর্মচারীদের তথ্য প্রযুক্তি (ICT) সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ | সংখ্যা | ফোকাল পয়েন্ট/ আইসিটি সেল | ২ | ২ | লক্ষ্যমাত্রা | ১ | | | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| **১০. অর্থ বরাদ্দ** | | | | | | | | | | | |
| ১০.১ শুদ্ধাচার সংক্রান্ত বিভিন্ন কার্যক্রম বাস্তবায়নের জন্য আনুমানিক (Indicative budget) অর্থের পরিমাণ | বরাদ্দকৃত অর্থ | লক্ষ টাকা | বাজেট অধিশাখা | ১,১৯,৯০০/- সেমিনার ও প্রশিক্ষণ খাত হতে | ২.০ লক্ষ টাকা সেমিনার ও প্রশিক্ষণ খাত (প্রস্তাবিত) | লক্ষ্যমাত্রা | | ১.০০ লক্ষ | | ১.০০ লক্ষ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |

চলমান পাতা-৫

| কার্যক্রম | সূচক | একক | দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/ প্রশাসনিক ইউনিট | ভিত্তিবছর ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ অর্থবছরের লক্ষ্যমাত্রা | অগ্রগতি পরিবীক্ষণ, ২০১৭-২০১৮ | | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | লক্ষ্যমাত্রা/ প্রকৃত অর্জন | ১ম কোয়ার্টার জুলাই/১৭- সেপ্টে/১৭ | ২য় কোয়ার্টার অক্টো/১৭- ডিসে/১৭ | ৩য় কোয়ার্টার জানু/১৮- মার্চ/১৮ | ৪র্থ কোয়ার্টার এপ্রিল/১৮- জুন/১৮ | |
| **১১. পরিবীক্ষণ ও মূল্যায়ন** | | | | | | | | | | | |
| ১১.১ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ফোকাল পয়েন্ট | ৩১.৭.১৬ | ১৩.৭.১৭ | লক্ষ্যমাত্রা | ১৩.৭.১৭ | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১১.২ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল | পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ফোকাল পয়েন্ট | ৪ | ৪ | লক্ষ্যমাত্রা | ১ | ১ | ১ | ১ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১১.৩ আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন | পরিবীক্ষণ কাঠামো প্রণীত | তারিখ | ফোকাল পয়েন্ট | - | ১৩.৭.১৭ | লক্ষ্যমাত্রা | - | | | | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |
| ১১.৪ আওতাধীন দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্টানে দাখিল | পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ফোকাল পয়েন্ট | - | ৪×৬ | লক্ষ্যমাত্রা | ৬ | ৬ | ৬ | ৬ | |
| | | | | | | প্রকৃত অর্জন | | | | | |